পাঠ ২৭

# স্কুলের মাঠে





## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।
- ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।
- চিত্র ও ছক সংবলিত বর্ণনা তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।
- বিদ্যালয় ও পারিবারিক পরিবেশ উপযোগী প্রশ্ন, নির্দেশনা, কথোপকথন বুঝে সহজ বাক্য প্রমিত বাংলায় লিখতে পারা।

## পাঠের শিখনফল

২.১.২ শিক্ষকের নির্দেশনা শুনে পালন করতে পারব।

৩.১.৩ বর্ণনামূলক রচনা শুনে ধারাবাহিকতা রক্ষা করে বলতে পারব।

৭.১.২ বর্ণনামূলক রচনা শুনে সহজ প্রশ্নের উত্তর দিতে পারব।

১৪.১.৩ সহজে ছক পূরণ করতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| খেলাধুলা | প্রতিযোগিতা | জড়ো | খুশি | ভালো | শ্রেণি | শিক্ষক | সাথে | চলো | পরিচিতি |
| দৌড় | দড়ি | দীর্ঘ | মোরগ | লড়াই | বিস্কুট | নিক্ষেপ | পূরণ | ক্রীড়া | প্রতিযোগী |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত



প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

১ শিক্ষক বললেন, এবার নিচের ছকটি দেখো। খেলায় অংশ নেওয়ার জন্য ছকটি পূরণ করো। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬১

| ক্রীড়া প্রতিযোগিতা | | |
|---|---|---|
| প্রতিযোগীর নাম | | |
| শ্রেণি | | |
| শাখা | | |
| রোল | | |
| কোন কোন খেলায় অংশ নিতে চাও? | টিক চিহ্ন দাও<br>☐ দৌড়<br>☐ দড়ি লাফ<br>☐ দীর্ঘ লাফ | ☐ মোরগ লড়াই<br>☐ বিস্কুট দৌড়<br>☐ বল নিক্ষেপ |

উত্তর :

| ক্রীড়া প্রতিযোগিতা | | |
|---|---|---|
| প্রতিযোগীর নাম | রিমি সুলতানা | |
| শ্রেণি | দ্বিতীয় | |
| শাখা | জবা | |
| রোল | ০২ | |
| যে যে খেলায় অংশ নিতে ইচ্ছুক | টিক চিহ্ন দাও<br>☑ দৌড়<br>☑ দড়ি লাফ<br>☐ দীর্ঘ লাফ | ☐ মোরগ লড়াই<br>☑ বিস্কুট দৌড়<br>☐ বল নিক্ষেপ |

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

স্কুলে খেলাধুলার প্রতিযোগিতা হবে। সবাই খেলার মাঠে জড়ো হলো। তিথি খুব খুশি। তার খেলতে ভালো লাগে। শিক্ষক বললেন, চলো কিছু খেলার সাথে পরিচিত হই। যেমন— দৌড়, দড়ি লাফ, দীর্ঘ লাফ, মোরগ লড়াই, বিস্কুট দৌড়, বল নিক্ষেপ। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৬

ক. স্কুলে কীসের প্রতিযোগিতা হবে?

খ. সবাই কোথায় জড়ো হলো?

গ. কে খুব খুশি?

ঘ. অনুচ্ছেদে কয়টি খেলার কথা উল্লেখ আছে?

ঙ. 'ক্ষ' কোন কোন বর্ণযোগে গঠিত?

উত্তর :

ক. স্কুলে খেলাধুলার প্রতিযোগিতা হবে।

খ. সবাই খেলার মাঠে জড়ো হলো।

গ. তিথি খুব খুশি।

ঘ. অনুচ্ছেদে ছয়টি খেলার কথা উল্লেখ আছে।

ঙ. 'ক্ষ' ক ও ষ বর্ণযোগে গঠিত।

**বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ২. আমরা বাড়িতে কী কী খেলাধুলা খেলি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : দড়ি লাফ, ক্যারাম, লুডু, ক্রিকেট, ফুটবল ইত্যাদি আমরা বাড়িতে খেলি।

**প্রশ্ন ৩. আমরা কোথায় খেলাধুলা করি?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : আমরা মাঠে খেলাধুলা করি।

**প্রশ্ন ৪. কাদের সাথে খেলাধুলা করি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : সহপাঠীদের সাথে খেলাধুলা করি।

**ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর বল।**



**প্রশ্ন ৫. খেলায় কয়জন অংশগ্রহণ করছে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : তিনজন।

**প্রশ্ন ৬. কয়জন মেয়ে ও কয়জন ছেলে খেলা করছে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : একজন ছেলে ও দুইজন মেয়ে খেলা করছে।

**প্রশ্ন ৭. খেলাটি কোথায় হচ্ছে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : স্কুল মাঠে খেলাটি হচ্ছে।

**প্রশ্ন ৮. খেলাটির নাম কী হতে পারে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : খেলাটির নাম বল নিক্ষেপ।

**প্রশ্ন ৯. কখন এই প্রতিযোগিতা করা হয়?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৫

উত্তর : স্কুলের ক্রীড়া প্রতিযোগিতায়।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১০. খেলায় অংশ নেওয়ার জন্য নিচের ছকটি পূরণ কর।**

| বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | |
| শ্রেণি | |
| শাখা | |
| রোল নম্বর | |
| কোন কোন খেলায় অংশ নিতে ইচ্ছুক? | টিক (✓) চিহ্ন দাও।<br>☐ দৌড়।<br>☐ দড়ি লাফ।<br>☐ দীর্ঘ লাফ।<br>☐ মোরগ লড়াই।<br>☐ বিস্কুট দৌড়।<br>☐ বল নিক্ষেপ। |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২২৭

উত্তর :

| বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | মাহমুদুল হাসান |
| শ্রেণি | দ্বিতীয় |
| শাখা | শাপলা (প্রভাতী) |
| রোল নম্বর | ০২ |
| যে যে খেলায় অংশ নিতে ইচ্ছুক | টিক (✓) চিহ্ন দাও।<br>☑ দৌড়।<br>☐ দড়ি লাফ।<br>☑ দীর্ঘ লাফ।<br>☑ মোরগ লড়াই।<br>☐ বিস্কুট দৌড়।<br>☐ বল নিক্ষেপ। |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | খেলাধুলার নাম বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | নির্দেশনা পালন করতে পেরেছে। | | | |
| | আদেশ পালন করতে পেরেছে। | | | |
| | প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | বিষয় সম্পর্কিত আলোচনার অংশগ্রহণ করতে পেরেছে। | | | |
| | আদেশ, নির্দেশ পালন করতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আগ্রহের সাথে অংশগ্রহণ করেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম : ............................................ শ্রেণি : ............................................ রোল নম্বর : ☐

১। খেলায় অংশ নেওয়ার জন্য ছকটি পূরণ করো।

| ক্রীড়া প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | |
| শ্রেণি | |
| শাখা | |
| রোল নম্বর | |

| কোন কোন খেলায় অংশ নিতে চাও? | টিক চিহ্ন দাও | |
|---|---|---|
| | ☐ দৌড় | ☐ মোরগ লড়াই |
| | ☐ দড়ি লাফ | ☐ বিস্কুট দৌড় |
| | ☐ দীর্ঘ লাফ | ☐ বল নিক্ষেপ |

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

ক. তুমি বিদ্যালয়ে কখনো দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছ কি?

খ. তোমার বিদ্যালয়ে কি মোরগ লড়াই প্রতিযোগিতা হয়?

গ. বিস্কুট দৌড় প্রতিযোগিতা দেখেছ কখনো?

### উত্তরমালা

১▸

| ক্রীড়া প্রতিযোগিতা | |
|---|---|
| প্রতিযোগীর নাম | রিমি সুলতানা |
| শ্রেণি | দ্বিতীয় |
| শাখা | জবা |
| রোল নম্বর | ০৩ |

| যে যে খেলায় অংশ নিতে ইচ্ছুক | টিক চিহ্ন দাও | |
|---|---|---|
| | ☑ দৌড় | ☐ মোরগ লড়াই |
| | ☑ দড়ি লাফ | ☑ বিস্কুট দৌড় |
| | ☐ দীর্ঘ লাফ | ☐ বল নিক্ষেপ |

২▸ক. হ্যাঁ, আমি গত বছর দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছি।

খ. হ্যাঁ, আমার বিদ্যালয়ে মোরগ লড়াই প্রতিযোগিতা হয়।

গ. হ্যাঁ, আমি বিস্কুট দৌড় প্রতিযোগিতা দেখেছি।

মূল্যায়ন রিপোর্ট ▸ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐